# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 05 May, 2025

জামালপুরের মাদারগঞ্জে শিশু ধর্ষন মামলায় জিয়াউল হক নামে একজনকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে আদালত।এছাড়াও তাকে এক লাখ টাকা অর্থ দন্ড করা হয়।অনাদায়ে আরো এক বছরের বিনাশ্রম কারাদন্ড প্রদান করে আদালত।

আজ সোমবার দুপুরে জামালপুর জেলা ও দায়রা জজ আদালতের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২ এর বিচারক মোঃ শহিদুল ইসলাম এই রায় ঘোষনা করেন।

সাজা পাওয়া জিয়াউল হক জেলার মাদারগঞ্জে উপজেলার দিঘলকান্দি গ্রামের মৃত নুরল মন্ডলের সন্তান।

মামলার রাষ্ট্র পক্ষের আইনজীবী মোঃ রেজাউল আমিন শামীম জানান- ২০২১ সালের ২৩ নভেম্বর দুপুরে দিঘলকান্দি এলাকায় চানাচুর দেয়ার কথা বলে একটি দোকানে নিয়ে ৫ বছরের শিশুকে ধর্ষন করে জিয়াউল হক।এই ঘটনায় শিশুটির একজন স্বজন বাদী হয়ে মামলা দায়েরের পর ২০২২ সালের ১৪ আগস্ট অভিযোগ গঠন করা হয়।এছাড়াও শিশুটির ডাক্তারী পরীক্ষা ও ডিএনএ টেস্টে আসামীর অপরাধ প্রমানিত হয়।মামলায় মোট সাতজন স্বাক্ষীর স্বাক্ষ্য গ্রহন করা হয়।মামলার রায়ে সন্তুষ্টি জানিয়েছে বাদীপক্ষ।

ধর্ষন মামলা যাবজ্জীবন কারাদন্ড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:29

URL: https://www.timestodaybd.com/mymensingh/7758071955